

💵 সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ১১৪৬

২/ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ২৫০. ঈদের সালাতে আযান নেই

باب تَرْكِ الأَذَانِ فِي الْعِيدِ

আরবী

حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ كَثِيرٍ، أَخْبَرَنَا سُفْيَانُ، عَنْ عَبْدِ الرَّحْمَنِ بْنِ عَابِسٍ، قَالَ سَأَلَ رَجُلُ ابْنَ عَبَّاسٍ أَشَهِدْتَ الْعِيدَ مَعَ رَسُولِ اللهِ صلى الله عليه وسلم قَالَ نَعَمْ وَلَوْلَا مَنْزِلَتِي مِنْهُ مَا شَهِدْتُهُ مِنَ الصِّغَرِ فَأْتَى رَسُولُ اللهِ صلى الله عليه وسلم الْعَلَمَ الَّذِي عِنْدَ دَارِ كَثِيرِ بْنِ الصَّلْتِ فَصَلَّى ثُمَّ خَطَبَ وَلَمْ يَذْكُرْ أَذَانًا وَلَا إِقَامَةً قَالَ ثُمَّ أَمَرَ بِالصَّدَقَةِ _ قَالَ _ فَجَعَلَ النِسَاءُ يُشِرْنَ إِلَى آذَانِهِنَّ وَحُلُوقِهِنَّ قَالَ فَأَمَرَ بِلَالاً فَأَتَاهُنَّ ثُمَّ رَجَعَ إِلَى النَّبِيِّ صلى الله عليه وسلم .

_ صحیح : خ

বাংলা

১১৪৬। 'আবদুর রহমান ইবনু 'আবিস (রহঃ) সূত্রে বর্ণিত। তিনি বলেন, এক ব্যক্তি ইবনু 'আব্বাস (রাঃ) কে জিজ্ঞেস করেন, আপনি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর সাথে কোন ঈদের সালাত আদায় করেছেন কি? তিনি বললেন, হাঁ। তাঁর সাথে আমার ঘনিষ্ঠতা না থাকলে শিশু হওয়ার কারণে আমি হয়ত তাঁর সাথে সালাতে শরীক হতে পারতাম না। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ঈদের দিন কাসীর ইবনুল সলত-এর বাড়ির পাশে স্থাপিত ঝান্ডার নিকটে এসে সালাত আদায় করার পর খুত্ববাহ দেন।

ইবনু 'আব্বাস (রাঃ) আযান ও ইকামাত(ইকামত/একামত)ের কথা উল্লেখ করেননি। ইবনু 'আব্বাস (রাঃ) বলেন, অতঃপর নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সাদাকা করতে আদেশ করলে মহিলারা তাদের কান ও গলার দিকে ইশারা করেন, ফলে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বিলালকে তাদের নিকট পাঠান। বিলাল (রাঃ) তাদের কাছে গিয়ে (সাদাকা সংগ্রহ করে) নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর কাছে ফিরে আসেন।[1]

সহীহ: বুখারী।



English

'Abd al-Rahman b. 'Abis said:

A man asked lbb 'Abbas: Have you been present along with the Messenger of Allah (**)? He replied: Yes. Had there been no dignity for me in his eyes, I would not have been present with him due to my minority. Then the Messenger of Allah (**) came to the point that was near the house of Kathir b. al-Salt. He prayed and afterwards preached. He (Ibn 'Abbas) did not mention the adhan (call to prayer) and the iqamah. He then commanded to give alms. The women began to point to their ears and throats (to give their jewelry in alms).

ফুটনোট

[1] বুখারী (অধ্যায় : আযান, অনুঃ শিশুদের অযু করা, কখন তাদের উপর গোসল ফার্য হয়, হাঃ ৮৬৩), নাসায়ী (অধ্যায় : দুই ঈদ, অনুঃ ঈদের খুত্বাহ শেষে মহিলাদেরকে বিশেষভাবে নাসীহাত করা, হাঃ ১৫৮৫), আহমাদ (১/২৩২) সকলে সুফয়ান ইবনু সাঈদ আস-সাওরী হতে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী 🛘 বর্ণনাকারীঃ আবদুর রহমান ইবনু আবিস (রহঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন